

বঙ্গবন্ধু মেরিটাইম ইউনিভার্সিটি উপাচার্য, রেজিস্ট্রার ও কোষাধ্যক্ষ নিয়োগ

■ ইত্তেফাক রিপোর্ট

নতুন চালু হওয়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে উপাচার্য, রেজিস্ট্রার এবং কোষাধ্যক্ষ নিয়োগ নিয়েছে সরকার। উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন রিয়াজ এভমিরাল এ এম এম বাভেন। রেজিস্ট্রার পদে কনডোর বন্দকার তৌফিকুল্লাহমান এবং কোষাধ্যক্ষ পদে চার বছরের জন্য নিয়োগ পেয়েছেন কনডোর এ এন এ রেজাউল হক। গতকাল রবিবার শিফা মন্ত্রণালয়ের পৃথক তিনটি প্রজ্ঞাপনে এ নিয়োগ দেয়া হয়।

মন্ত্রণালয় জানিয়েছে, আওয়ামী লীগ সরকার চট্টগ্রামের আনোয়ারায় বাংলাদেশ মেরিট একাডেমি ক্যাম্পাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়। সংশ্লিষ্ট পাস হওয়ার পর গত বছরের ২৬ অক্টোবর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি আইনে রাষ্ট্রপতি সন্মতি দেন।

নিরাপদ জাহাজ চলাচল ব্যবস্থাপনা ও প্রশাসন, নৌ-প্রকৌশল ও প্রযুক্তি, ওশ্যানোগ্রাফি, আন্তর্জাতিক মেরিটাইম আইন ইত্যাদি বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদান, গবেষণা হবে এই বিশ্ববিদ্যালয়ে।

বাংলাদেশ মেরিট একাডেমির অব্যবহৃত ৩৫ একর জায়গায় দেশের প্রথম মেরিটাইম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। এটি দক্ষিণ এশিয়ার তৃতীয় মেরিটাইম বিশ্ববিদ্যালয়।